# 36436 - কংকর মারার সময়কাল

প্রশ্ন

কংকর মারার সময় কোনটি?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

এক: জমরাতে আকাবা:

জমরাতে আকাবা: এই জমরাতে প্রথম কংকর মারা হয়। ঈদের দিন সূর্যোদয়ের পর এ জমরাতে কংকর মারতে হয়।

দুর্বল নারী, শিশু ও অন্য দুর্বলদের জন্য ঈদের রাত্রিতেও কংকর মারা জায়েয আছে। কেননা আসমা বিনতে আবু বকর (রাঃ) ঈদের রাতে চন্দ্র অস্ত যাওয়ার প্রতীক্ষায় থাকতেন। চন্দ্র অস্ত যাওয়ার পর মুযদালিফা থেকে মীনার উদ্দেশ্যে রওয়ানা হয়ে এসে কংকর মারতেন।

জমরাতে আকাবাতে কংকর মারার শেষ সময়:

জমরাতে আকাবাতে কংকর নিক্ষেপ করার সময় ঈদের দিন সূর্যাস্ত পর্যন্ত বলবৎ থাকে। তীব্র ভীড়ের কারণে কিংবা জমরাত থেকে দূরে অবস্থান করার কারণে কেউ যদি রাত্রির শেষ প্রহর পর্যন্ত দেরি করে— এতে কোন অসুবিধা নেই। কিন্তু, এগার তারিখের ফজর হয়ে যাওয়া পর্যন্ত বিলম্ব করবে না।

দুই: তাশরিকের দিনগুলোতে (১১, ১২ ও ১৩ তারিখে) কংকর নিক্ষেপ:

কংকর নিক্ষেপের সময় শুরু: তাশরিকের দিনগুলোতে কংকর নিক্ষেপের সময় শুরু হবে সূর্য পশ্চিমাকাশে হেলে পড়া থেকে (অর্থাৎ যোহরের ওয়াক্ত প্রবেশের মাধ্যমে)।

কংকর নিক্ষেপের শেষ সময়:

রাত্রির শেষ প্রহরে গিয়ে কংকর নিক্ষেপের সময় শেষ হবে। যদি কোন কষ্টের কারণে কিংবা ভীড়ের কারণে কিংবা অন্য কোন কারণে রাত্রিবেলা ফজর পর্যন্ত কংকর মারতে হয় এতে কোন অসুবিধা নেই। তবে, ফজরের পর পর্যন্ত দেরী করা

জায়েয হবে না।

**১১, ১২ ও ১৩** তারিখে সূর্য পশ্চিমাকাশে ঢলে পড়ার পূর্বে কংকর নিক্ষেপ করা জায়েয হবে না। কেননা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সূর্য পশ্চিমাকাশে ঢলে পড়ার আগে কংকর নিক্ষেপ করেননি। তিনি মানুষকে বলেছেন: “তোমরা আমার কাছ থেকে তোমাদের হজ্জের কার্যাবলি শিখে নাও”। এবং যেহেতু তীব্র গরম হওয়া সত্ত্বেও নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এ সময় পর্যন্ত কংকর নিক্ষেপের জন্য অপেক্ষা করতেন; দিনের প্রথমাংশে কংকর মারতেন না; যদিও পূর্বাহ্ণে ঠাণ্ডা থাকে ও কাজটি করা সহজ। এতে প্রমাণিত হয় যে, এ সময়ের আগে কংকর মারা জায়েয নয়। এর পক্ষে আরও প্রমাণ করে যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সূর্য পশ্চিমাকাশে ঢলে পড়ার পর যোহরের নামায আদায় করার আগে কংকর নিক্ষেপ করতেন। এতেও প্রমাণ পাওয়া যায় যে, সূর্য পশ্চিমাকাশে ঢলে পড়ার পূর্বে কংকর মারা জায়েয নয়। নচেৎ সূর্য পশ্চিমাকাশে ঢলে পড়ার পূর্বে কংকর মারা উত্তম হত; যেন যোহরের নামায প্রথম ওয়াক্তে আদায় করা যায়। যেহেতু প্রথম ওয়াক্তে নামায আদায় করা উত্তম।

সারকথা হল: তাশরিকের দিনগুলোতে সূর্য পশ্চিমাকাশে ঢলে পড়ার আগে কংকর মারা জায়েয নয়— দলিল-প্রমাণ এটাই নির্দেশ করছে।

[দেখুন: ফাতাওয়া আরকানুল ইসলাম, পৃষ্ঠা-৫৬০]